যুগান্তর

তারিখ ............

পৃষ্ঠা ...... কলাম ......


# ইসলামী ভার্সিটির নতুন বাজেট

**ইবি প্রতিনিধি**

ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২০০১-২০০২ অর্থবছরের ১৫ কোটি ৯০ লাখ টাকার মূল বাজেটের মধ্যে ৮ কোটি ৭২ লাখ টাকা মঞ্জুরি কমিশন বরাদ্দ দেয়। নতুন অর্থবছরের জন্য বাজেট ঘাটতি প্রায় ৭ কোটি টাকা। এভাবে প্রতিবছর সরকারের কাছে বিশ্ববিদ্যালয় অতিরিক্ত টাকা দাবি করে থাকে। ২০০০-২০০১ অর্থবছরের জন্য অতিরিক্ত দাবি ছিল ৫ কোটি ৯৮ লাখ টাকা। এই টাকার মাত্র ৫৯ শতাংশ বরাদ্দ পায়। এই ঘাটতির টাকা মঞ্জুরি কমিশন থেকে না পাওয়ায় আইজিবি বিভিন্ন উন্নয়নমূলক অনুদান এবং লাইব্রেরির উন্নয়নের ফান্ড থেকে এই ঘাটতি সাময়িকভাবে পূরণ করা হয়। অনুসন্ধানে জানা যায়, এই বাজেট ঘাটতির কারণ হল অতিরিক্ত শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী নিয়োগ।